৭২

ভোরের কাগজ

তারিখ ... APR ৩ ... 1999

পৃষ্ঠা ৮ কলাম ৭

# চট্টগ্রাম ছাত্রলীগের একাংশের সংবাদ সম্মেলন, চিহ্নিত খুনিদের গ্রেপ্তার দাবি

চট্টগ্রাম অফিস : গত ৩ মাসে পাহাড়তলী এলাকায় তিন ছাত্রলীগ নেতাকে খুনের জন্য বিএনপি ও তার সন্ত্রাসীদের দায়ী করে মহানগর ছাত্রলীগ একাংশ চিহ্নিত খুনিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানিয়েছে। বুধবার বিকালে চট্টগ্রাম প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ দাবি করেন যে, পাহাড়তলী এলাকায় বিএনপি ও ছাত্রদলের সন্ত্রাস এবং নৈরাজ্যকর পরিস্থিতির বিরুদ্ধে ছাত্রলীগের এই তিন নেতা স্থানীয় জনসাধারণকে নিয়ে প্রতিরোধ গড়ে তুলেছিলেন বলেই তাদেরকে খুন করা হয়েছে।

লিখিত বক্তব্য পাঠকালে ছাত্রলীগ নেতা গোলাম মোঃ জোবায়ের অভিযোগ করেন যে, পাহাড়তলী কলেজকে সন্ত্রাসের ঘাঁটি হিসেবে ব্যবহার করে বিএনপি সরকারের সময় এসব সন্ত্রাসীরা পাহাড়তলী এলাকায় খুন, সন্ত্রাস, ডাকাতি, রাহাজানি, জমি দখল, রেলওয়ের ঠিকাদারী, হাউজি, জুয়ার বোর্ড ইত্যাদির মাধ্যমে অপরাধের স্বর্গরাজ্য গড়ে তোলে। বর্তমান আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর এই চক্রটি নিজেদের অবস্থান টিকিয়ে রাখতে লেবাসধারী আওয়ামী লীগ ও ছাত্রলীগের সন্ত্রাসীদের সঙ্গে একযোগে এসব নৈরাজ্য সৃষ্টি করছে। এই ধারাবাহিকতায় ছাত্রলীগ নেতা আমিনুল ইসলাম, ফিরোজুল ইসলাম ও কাজী হেলালকে খুন করা হয়েছে।

সংবাদ সম্মেলন আয়োজনকারীরা নিজেদেরকে ছাত্রলীগের মূল কাঠামো হিসেবে দাবি করে অবিলম্বে ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীসহ তিন ছাত্রলীগ নেতার খুনীদের অবিলম্বে গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতা দিদারুল আলম মাসুম, দেবাশীষ পাল দেবু, তারেক হায়দার প্রমুখ উপস্থিত ছিলেন।